

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২০১৭(আগরতলা-১২।০৯)

উদয়পুর, ১২ সেপ্টেম্বর' ১৭

কাকড়াবনে সাংস্কৃতিক কর্মশালার সমাপ্তি

তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং কাকড়াবন সংস্কৃতি সমন্বয় কেন্দ্রের যৌথ উদ্যোগে ৭ দিন ব্যাপী সাংস্কৃতিক কর্মশালা গতকাল স্থানীয় কমিউনিটি হলে সম্পন্ন হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে প্রশিক্ষণপ্রাপ্ত ছাত্র-ছাত্রীরা দেশাত্মবোধক সঙ্গীত, রবীন্দ্র-নজরুলের সঙ্গীত ও নৃত্য এবং লোকনৃত্য ও লোকসঙ্গীত পরিবেশন করে। উল্লেখ্য, কাকড়াবন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, মেলাঘর টিলা নিম্ন বুনিয়াদী বিদ্যালয়, রাণী উচ্চ বিদ্যালয়, কালিকিশোর উচ্চ বিদ্যালয় এবং কাকড়াবন উচ্চতর বালিকা বিদ্যালয়ের ৯০ জন ছাত্র-ছাত্রী এই কর্মশালায় অংশ গ্রহণ করে। সমাপ্তি অনুষ্ঠানে গোমতী জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি গৌতম সরকার ও বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব মানিক লাল চক্রবর্তী ছাত্র-ছাত্রীদের মধ্যে সুস্থ সংস্কৃতির প্রসারে এ ধরনের সাংস্কৃতিক কর্মশালার প্রয়োজনীয়তা ও গুরুত্বের কথা উল্লেখ করেন। এছাড়াও অনুষ্ঠানে ভাষণ রাখেন শিক্ষক হরিপদ দাস, প্রবোধ দেবনাথ প্রমুখ। সভাপতিত্ব করেন প্রধান শিক্ষিকা দীপালি চ্যাটার্জী।

This document was converted using
Smart PDF Converter
To remove this message purchase the
product at www.SmartPDFConverter.com